

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর  
ঢাকা- ১২০৭।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

অফিস আদেশ নম্বর - এলজিইডি/সিই/ডিঃইউঃ/ডি- ৭৫(অংশ- ১)/২০০৯/৩৫১


তারিখঃ ০৫ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
১৯ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**“ব্রিজ নির্মাণের বিশেষ নির্দেশিকা”**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রকল্পের আওতায় সারা দেশে নির্মিতব্য ব্রিজের ক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলীগণকে নিম্নলিখিত বিষয়াবলী আবশ্যিক ভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। ব্রিজ নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাল/নদীর অধিকারভুক্ত সংস্থার পূর্বানুমতি গ্রহণ করতে হবে। অনুমতিপত্রে নদীর শ্রেণী, Horizontal ও Vertical Clearance সংক্রান্ত বিষয়াদি সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে।
- ২। সংশ্লিষ্ট খাল/নদী- নালা কোন প্রকার খনন প্রকল্পের আওতাভুক্ত হয়ে থাকলে কিংবা ভবিষ্যতে খনন প্রকল্পে অন্তর্ভুক্তির পরিকল্পনা/ সম্ভাবনা থাকলে প্রস্তাবিত স্থানে ব্রিজ/কালভার্ট নির্মাণ করার পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে Foundation depth below/above dredge level নির্ধারণ করে অনাপত্তি/ প্রত্যয়ন পত্র গ্রহণ করে সে মোতাবেক ব্রিজের ডিজাইন প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।
- ৩। খাল/নদী খনন সংক্রান্ত কোনরূপ তথ্য না পাওয়া গেলেও খাল/নদী ভেদে ৩- ৫ মিটার খনন হতে পারে, বিষয়টি বিবেচনায় রেখে ব্রিজ ডিজাইন প্রণয়ন করতে হবে।
- ৩। ১০০ মিটার ও তদূর্ধ্ব সকল ব্রিজের ক্ষেত্রে Hydrological & Morphological Study অবশ্যই করতে হবে এবং study এর উপর ভিত্তি করে ব্রিজের দৈর্ঘ্য নির্ধারণ করতে হবে, কোন অবস্থাতেই ব্রিজের দৈর্ঘ্য প্রয়োজনের তুলনায় কম করা যাবে না।
- ৪। ১০০ মিটার অপেক্ষা ছোট ব্রিজের ক্ষেত্রে ব্রিজের দৈর্ঘ্য কোনভাবেই খাল/নদীর বিদ্যমান প্রস্থ অপেক্ষা ছোট করা যাবে না এবং সেক্ষেত্রেও প্রয়োজনীয় Horizontal ও Vertical Clearance বিবেচনা করে ব্রিজ নির্মাণ করতে হবে।
- ৫। ব্রিজের সংযোগ সড়কের কাজ ব্রিজ নির্মাণের পূর্বে বা সাথে যথাযথভাবে সমাপ্ত করতে হবে।

বর্গিত নির্দেশাবলী প্রতিপালনে ব্যর্থতায় সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং সে মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(শ্যামা প্রসাদ অধিকারী)  
প্রধান প্রকৌশলী  
ফোনঃ +৮৮০ ২ ৯১২৪০২৭  
ই- মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ..... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ..... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
- ৩। প্রকল্প পরিচালক, ..... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
- ৪। নির্বাহী প্রকৌশলী, ..... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
- ৫। উপজেলা প্রকৌশলী, ..... (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।